# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

''শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি''

স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.২৩.০০১.২২. ৩৭৯৮ তারিখ: ১৬.০৩.২০২৪ খ্রি.।

**বিষয়ঃ ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ কামরুল আহসান<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী<br>ও প্রকল্প পরিচালক (প্রেষণ)<br>Program for Supporting Rural Bridge<br>এলজিইডি, সদর দপ্তর<br>আহবায়ক<br>১৭মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপনের নিমিত্তে গঠিত কমিটি। |
| সভার স্থান | : | সেমিনার রুম, লেভেল-৪, এলজিইডি ভবন, এলজিইডি সদর দপ্তর, ঢাকা। |
| সভার তারিখ | : | ১৩-০৩-২০২৪খ্রি.। |
| সভার সময় | : | দুপুর ১২.০০টা। |

**আলোচ্যসূচী:**

সভায় সভাপতি ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর শিশু সুরক্ষা শাখা থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪ তম জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপনের একটি নির্দেশনা পত্র এবং স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-১ শাখা থেকে গত ০১-০২-২০২৪খ্রি. তারিখ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয়ের সভার কার্যবিবরণী উপর আলোচনা করেন। ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচীর আলোকে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নির্দেশিত অনুষ্ঠানসহ বিভিন্ন কর্মসূচী প্রতিবারের ন্যায় এবারও যথাযোগ্য মর্যাদায় উদযাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত হয়। আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

১. স্থানীয় সরকার বিভাগের গৃহীত কার্যক্রমের সাথে সমন্বয় করে আগামী ১৭ মার্চ, ২০২৪ খ্রি. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী উদযাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

২. ১৭ মার্চ সকাল ১০:০০ টায় জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে প্রধান প্রকৌশলী মহোদয়ের নেতৃত্বে এলজিইডির গ্রাউন্ড ফ্লোরে অবস্থিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও দোয়া অনুষ্ঠান। সকাল ১০:৩০ টা থেকে এলজিইডি ভবনের ২য় তলায় অবস্থিত কামরুল ইসলাম সিদ্দিক মিলনায়তনে আলোচনা সভা এবং বাদ যোহর এলজিইডি কেন্দ্রীয় মসজিদে দোয়া মাহফিল এর আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয় (তবারক বিতরনসহ)। ''বঙ্গবন্ধুর স্বপ্ন ধরে- আনব হাসি সবার ঘরে'': এই প্রতি পাদ্যের আলোকে নির্বাহী প্রকৌশলীগণ নিজ নিজ কার্যালয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।

৩. ২৫ মার্চ রাতে নিহতদের আত্মার মাগফিরাত কামনা করে বাদ যোহর এলজিইডি কেন্দ্রীয় মসজিদে দোয়া ও বিশেষ মোনাজাত এবং অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধা জনক সময়ে বিশেষ প্রর্থণা করার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪. ১৬ থেকে ১৭ মার্চ এবং ২৬ মার্চ এলজিইডি ও আরডিইসি ভবন এবং ভবনের সামনের দেয়ালে আলোকসজ্জার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

৫. ২৫ মার্চ গণহত্যা দিবসে কোন আলোকসজ্জা করা যাবেনা। ২৬ -০৩-২০২৪ খ্রি. এলজিইডি ও আরডিইসি ভবনের সম্মুখস্থ সড়ক রঙ্গিন পতাকা দ্বারা সজ্জিত করণ করা হবে।

৬. আগামী ২৬ মার্চ, ২০২৪খ্রি. সূর্যোদয়ের সাথে সাথে এলজিইডি সদর দপ্তর ভবনে সরকার অনুমোদিত বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন করা হবে। পতাকা উত্তোলন ও নামানোর কাজটি তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মানব সম্পদ উন্নয়ন, পরিবেশ ও জেন্ডার) জনাব মোঃ সেলিম মিয়া ও নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক-১) জনাব মোঃ আতাউর রহমান এর তত্ত্বাবধানে সম্পন্ন হবে।

৭. ২৬ মার্চ, ২০২৪খ্রি. সূর্যোদয়ের সাথে প্রধান প্রকৌশলী মহোদয়ের সাভার জাতীয় স্মৃতিসৌধে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুস্পস্তবক অর্পণ অনুষ্ঠানে যোগদানের জন্য জনাব আব্দুল হাকিম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্প'কে চাহিদা মোতাবেক পাশ সংগ্রহ করার কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়। জনাব মোঃ ফিরোজ আলম তালুকদার, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ ঢাকা এবং জনাব সালেহ হাসান প্রামানিক, উপজেলা প্রকৌশলী, এলজিইডি সাভার'কে ২৬মার্চ সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় স্মৃতিসৌধে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুস্পস্তবক অর্পণ আনুষ্ঠানে এলজিইডি'র প্রধান প্রকৌশলী মহোদয়ের অংশগ্রহণের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়।

৮. মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ যথাযথ মর্যাদায় পালনের নিমিত্ত ২৬ মার্চ সকাল ৯:৩০ টায় এলজিইডি সদর দপ্তরের গ্রাউন্ড ফ্লোরে অবস্থিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণের মধ্য দিয়ে শ্রদ্ধার্ঘ জ্ঞাপন। প্রধান প্রকৌশলী মহোদয়ের নেতৃত্বে পুস্পস্তবক অর্পণ করা হবে। তাছাড়া বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদ এবং এল.কে.এস.এস লিঃ এর পক্ষ থেকে প্রধান প্রকৌশলী মহোদয় পুস্পস্তবক অর্পণ করবেন।

৯. ''জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক নেতৃত্ব এবং দেশের উন্নয়ন'' বিষয়ে ২৬মার্চ ২০২৪খ্রি. সকাল ১০:০০ টা থেকে এলজিইডি ভবনের ২য় তলায় অবস্থিত কামরুল ইসলাম সিদ্দিক মিলনায়তনে আলোচনা সভা এবং বাদ যোহর এলজিইডি কেন্দ্রীয় মসজিদে দোয়া মাহফিল এর আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয় (তবারক বিতরনসহ)।

১০. এলজিইডি'র প্রতিটি জেলার নির্বাহী প্রকৌশলীগণ এবং উপজেলা প্রকৌশলীগণ স্থানীয় প্রশাসনের সাথে জাতীয় কর্মসূচী সমন্বয় করে অফিস ভবন ও দেয়ালে আলোকসজ্জাসহ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপনের ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে পত্র জারী করা হবে।

অত:পর সভাপতি উপরোক্ত কার্যাবলী সুষ্ঠভাবে বাস্তবায়নের নিমিত্তে প্রয়োজনীয় সংখ্যক উপ-কমিটি গঠণ করার জন্য তত্ত্বধায়ক প্রকৌশলী (প্রশাসন)-কে নির্দেশনা প্রদান করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৩.৩.২০২৪

(মোঃ কামরুল আহসান)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
এলজিইডি সদর দপ্তর
ও
আহবায়ক
১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম বার্ষিকী
ও জাতীয় শিশু দিবস, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা
ও জাতীয় দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত গঠিত কমিটি।